সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Secretary**
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩-৫৩৮২

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ।

প্রিয় মহোদয়,

আমরা অবগত আছি যে, স্বাধীন বাংলাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশনায় ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি ও গৃহগণনা পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে। এ লক্ষ্যে ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০টা-কে 'শুমারি রেফারেন্স পয়েন্ট/ সময়' হিসেবে ধার্য করা হয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন।

০২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর জন্য একটি ওয়েবভিত্তিক Integrated Census Management System (ICMS) প্রস্তুতসহ Geographical Information System (GIS) পদ্ধতি ব্যবহারপূর্বক গণনা এলাকার বিভিন্ন পর্যায়ের কন্ট্রোল ম্যাপ প্রস্তুত করা হয়েছে। জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে শুমারি কর্মী হিসেবে সারাদেশে প্রায় ৩ লক্ষ ৭০ হাজার গণনাকারী, ৬৪ হাজার সুপারভাইজার ও বিবিএস এর ৪ হাজার ৫০০ এর অধিক কর্মচারী এ প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত রয়েছেন। এছাড়াও, বিবিএস বহির্ভূত বিভিন্ন সরকারি দপ্তরের প্রায় ৯০০ জন কর্মচারী জোনাল অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। বিবিএস কর্তৃক জনশুমারি পরিচালনা করা হলেও একটি সফল জনশুমারি পরিচালনার জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সকল বিভাগ, অনুষদ, ইন্সটিটিউট, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, লাইব্রেরি, আবাসিক হল/ আবাসিক এলাকা, ডরমিটরি প্রভৃতিতে নিয়োজিত/ বসবাসকারী শিক্ষক/ কর্মচারী/ ছাত্রসহ দেশের সকল নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। সে লক্ষ্যে জনশুমারিতে দেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণসহ এ বৃহৎ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বর্ণিত দপ্তরে নিয়োজিত কর্মচারীগণকে এ কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহায়তা নিশ্চিতকরণে আপনার সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, অনুষদ, ইন্সটিটিউট, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, লাইব্রেরি, আবাসিক হল/ আবাসিক এলাকা প্রভৃতির প্রধানকে শুমারিতে তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা ও সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

**সংযুক্তি:** মন্ত্রিপরিষদ বিভাগের সভার রেকর্ড নোটস্ অব ডিসকাশনস্ ০১ কপি।

ধন্যবাদান্তে

১৭.০৫.২২
ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব

উপাচার্য
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০।

Scanned with CamScanner

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২২.২৩৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯
২৯ মে ২০২২

বিষয়: **আগামী ১৫-২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩-৫৫৬৯, তারিখ: ২২ মে ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হ'ল। প্রেরিত পত্রে বর্ণিত ডিজিটাল বাংলাদেশে গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫-২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য কার্যক্রম সারা দেশে সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত যথাযথ সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : পরিকল্পনা ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র।

২৯-৫-২০২২
ড. ফেরদৌস জামান
সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ)
ফোন: ৫৮১৬০১১০

বিতরণ :
১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
২) রেজিস্ট্রার (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২২.২৩৫/১(১৫)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯
২৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (সকল বিভাগ) ইউজিসি, ঢাকা-১২০৭।
২) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা-১২০৭।
৩) সকল সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা-১২০৭।
৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, ইউজিসি, ঢাকা-১২০৭।

২৯-৫-২০২২
মোহাম্মদ মামুনুর রশিদ খান
সহকারী সচিব

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
গবেষণা অধিশাখা
(www.cabinet.gov.bd)

**'জনশুমারি ও গৃহগণনা ২০২২' সংক্রান্ত সভার রেকর্ড নোট্‌স অব ডিসকাশনস্**

গত ২৬ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১০.৩০ মিনিটে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' সংক্রান্ত একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সিনিয়র সচিব/ সচিববৃন্দ ও বিভিন্ন সরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন **(পরিশিষ্ট-ক)**।

সভাপতি ও মন্ত্রিপরিষদ সচিব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২'-এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের প্রকল্প পরিচালক বর্ণিত বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থাপনা শেষে সভাপতি উপস্থিত সবাইকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের আহ্বান জানান।

**০২। আলোচনায় নিম্নবর্ণিত বিষয়সমূহ স্থান পায়:**

ক) 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' এ প্রথম বারের মতো ট্যাবলেটের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে বিধায় সংগৃহীত তথ্যের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।

খ) সংরক্ষিত এলাকায় (ক্যান্টনমেন্ট, নৌবাহিনী, বিমানবাহিনী ও কোস্টগার্ড নিয়ন্ত্রিত এলাকা, জেলখানা, বিজিবি ক্যাম্প, পুলিশ লাইন্স প্রভৃতি) নির্বিঘ্নে শুমারি পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

গ) মাঠ পর্যায়ে যেসকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ জোনাল অফিসার হিসেবে শুমারির কাজে সরাসরি সম্পৃক্ত থাকবেন তাদেরকে শুমারি চলাকালীন সার্বক্ষণিক সম্পৃক্ত থাকার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

ঘ) ডিজিটাল শুমারির সফল বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট আইটি দপ্তরসমূহের (BCC, DoICT, BANBEIS, BDCCL) সহযোগিতার বিষয়টি গুরুত্বপূর্ণ মর্মে সভায় মত প্রকাশ করে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পূর্ণ সহযোগিতা নিশ্চিতকরণের বিষয়টি আলোচিত হয়।

ঙ) পার্বত্য চট্টগ্রাম এলাকায় মোবাইল নেটওয়ার্ক ব্যবস্থা দুর্বল হওয়ায় নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিতকল্পে প্রয়োজনে রবি'র পাশাপাশি টেলিটকের নেটওয়ার্ক ব্যবহার করা যেতে পারে। কোন অবস্থাতেই যাতে ইন্টারনেট নেটওয়ার্কের সমস্যার কারণে কোন খানা গণনা থেকে বাদ না পড়ে সে বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

Scanned with CamScanner

চ) সুষ্ঠুভাবে শুমারি কার্যক্রম সম্পাদনের নিমিত্ত পার্বত্য চট্টগ্রামসহ সারাদেশের স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধিগণের সক্রিয় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। এছাড়া শুমারির কাজে নিযুক্ত জনবলকে শুমারি চলাকালীন যাতে কোন নির্বাচনী কার্যক্রমে সম্পৃক্ত করা না হয় সে বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়।

ছ) বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিকগণ (রোহিঙ্গা জনগোষ্ঠী) কোনক্রমেই যাতে শুমারিতে অন্তর্ভুক্তি না হয় সে বিষয়টি সতর্কভাবে পরিবীক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়।

জ) শুমারির সর্বাত্মক প্রচারণা নিশ্চিতকল্পে তথ্য অধিদপ্তর (পিআইডি)-কে সম্পৃক্ত করা সমীচীন মর্মে আলোচনা হয়। তাছাড়া শুমারির প্রাক্কালে বাংলায় এসএমএস, ভয়েস কল, প্রিকলার টিউন ইত্যাদি মাধ্যম ব্যবহার এবং জুম্মার খুতবার পূর্বে শুমারির বিষয়ে প্রচারণা চালানো যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

ঝ) 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' এর কার্যক্রম সফলভাবে সম্পাদনের লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকার পুলিশ কমিশনারগণকে জননিরাপত্তা বিভাগ কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

**০৩। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৩.১ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' সফল করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগকে অফিসিয়ালি নির্দেশনা প্রদান করবেন।

৩.২ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ শুমারি চলাকালীন শুমারি কাজে সম্পৃক্ত কোন কর্মচারী/ব্যক্তিকে যাতে নির্বাচন প্রক্রিয়ায় সম্পৃক্ত করা না হয় সে মর্মে সহযোগিতা চেয়ে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করবেন।

৩.৩ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ শুমারি সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখবেন।

৩.৪ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' এর কার্যক্রম সফলভাবে সম্পাদনের লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকার পুলিশ কমিশনারগণকে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৩.৫ ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়রগণ তাদের নিজস্ব উদ্যোগে সিটি কর্পোরেশনে বিদ্যমান স্থায়ী কমিটির সভা আহ্বান করে শুমারি কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

21/4/2022

(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব

Scanned with CamScanner